

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১২৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামতির ক্ষেত্রে দুইজন ও তিনজনের হুকুম একই হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ حُكْمَ التَّلَاثَةِ وَأَكْثَرَ فِي الْإِمَامَةِ حُكْمُ الِاثْنَيْنِ سَوَاءً

আরবী

2129 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا يُرِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ وَهِشَامٌ عَنْ قَتَادَةَ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا كُنْتُمْ ثَلَاثَةً فِي سَفَرٍ فَلْيَوُمَّكُم أحدكم وَأَحَقُكُم بالإمامة أقرؤكم)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2129 | خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (3979): م دون ((في سفر)).

বাংলা

২১২৯. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমরা সফরে তিনজন থাকবে, তখন তোমাদের একজন ইমামতি করবে। তোমাদের মাঝে ইমামতির ক্ষেত্রে সেই উপযুক্ত, যিনি তোমাদের মাঝে কুরআন পাঠে বেশি অভিজ্ঞ।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০৮; আত তায়ালিসী: ২১৫২; সহীহ মুসলিম: ৬৭২; নাসাঈ: ৩/১১৯; সুনান বাইহাকী: ৩/১১৯; দারেমী: ১/২৮৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৯৭৯)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন